চলতি বছর গেমে বড় বিনিয়োগ নেটফ্লিক্সের

স্ট্রিমিং সার্ভিস হিসেবে নেটফ্লিক্স ব্যাপক জনপ্রিয়। সম্প্রতি নেটফ্লিক্স জানিয়েছে তারা চলতি বছর ৫০টি নতুন গেম আনবে তাদের প্লাটফর্মে। ২০২১ সাল থেকে এখন পর্যন্ত তারা যেখানে ২২ টি গেম এনেছে সেখানে চলতি বছরেই ৫০টি গেম আনার খবরটি চমকে দিয়েছে অনেককে।

নেটফ্লিক্স জানিয়েছে, ইতোমধ্যে ৭০টি আলাদা গেমের ডেভেলপমেন্ট চালু আছে। তারা এরমধ্যে ৫০টি এ বছরই নিয়ে আসবে। এরমধ্যে মার্চেই টেরা নিল নামে একটি গেম প্লাটফর্মে চালু করা হবে। এপ্রিলেই তারা অ্যাসাসিন ক্রিড আনবে। এছাড়া আরও কিছু জনপ্রিয় গেম তারা নেটফ্লিক্সেই নিয়ে আসবে। তাদের নতুন এই ঘোষণায় অনেকেই ইতোমধ্যে নেটফ্লিক্সের প্রতি আগ্রহী হয়ে উঠতে শুরু করেছে।

এখনও গেম খেলার সুবিধা শুধু মোবাইল ব্যবহারকারীরা পাবেন। তবে অতি শীঘ্রই তারা কম্পিউটার ও স্মার্ট টিভিতেও গেম খেলার উপযুক্ত অপশন যুক্ত করবেন। কিন্তু স্ট্রিমিং সার্ভিসের গেম যুক্ত করার এ সিদ্ধান্ত ইতোমধ্যে প্রশংসা কুড়িয়েছে।
সূত্র: গ্যাজেডস ৩৬০

জনপ্রিয় ব্যক্তিদের অ্যাকাউন্ট বেদখল, নীরব টুইটার

জেস রবার্টসন ও ডেভিড ডেন দুজনই টুইটারে বেশ জনপ্রিয়। জেস রবার্টসন জনপ্রিয় মার্কিন টেলিভিশন শো ডাক ডাইন্যাসটির জন্য বহুল পরিচিত। আর ডেভিড ডেন দ্য আমেরিকান প্রসপেক্ট সাময়িকীর নির্বাহী সম্পাদক। খুদে ব্লগ লেখার ওয়েবসাইটটিতে অনেক অনুসারীও রয়েছে তাঁদের। কয়েক সপ্তাহ ধরেই এই দুজনের টুইটার অ্যাকাউন্ট

থেকে একই রকম খুদে বার্তা পোস্ট করা হচ্ছে। হ্যালো টুইটার ফ্যামিলি দিয়ে শুরু করা এ বার্তায় বলা হচ্ছে, আমার কাছে ১০টি ম্যাকবুক রয়েছে। এগুলো ৬০০ ডলারে বিক্রি করা হবে। যাঁরা আগে ফরমাশ দেবেন, তাঁরা আগে কিনতে পারবেন। ম্যাকবুক বিক্রির অর্থ দাতব্য সংস্থায় দেওয়া হবে। আগ্রহীরা সরাসরি বার্তা পাঠাতে পারেন। বার্তার সঙ্গে একই রকম ছবিও জুড়ে দেওয়া হয়েছে।

ছবিতে দেখা যাচ্ছে, কাঠের মেঝেতে ম্যাকবুক প্রো রয়েছে। এই পোস্ট এবং ছবি দেখে যে কেউ ভাবতে পারেন, দুজন ব্যক্তিই কোনো দাতব্য সংস্থার হয়ে কাজ করছেন। কিন্তু আসলে তা নয়, দুজনের টুইটার অ্যাকাউন্ট হ্যাক করে এ বার্তা পোস্ট করা হয়েছে। তাঁদের দাবি, বিষয়টি জানানোর পরও টুইটার নীরব ভূমিকা পালন করছে। কোনো ব্যবস্থা না নেওয়ার পাশাপাশি অ্যাকাউন্ট দুটি নিষ্ক্রিয় করেনি টুইটার। অথচ হ্যাকাররা এ প্রচারণা চালিয়ে হাজারো মানুষের কাছ থেকে অর্থ হাতিয়ে নিতে পারে।

অ্যাকাউন্ট হ্যাকড হওয়ার বিষয়ে ডেভিড ডেন প্রযুক্তিবিষয়ক ওয়েবসাইট ম্যাশেবলকে বলেন, ‘গত বছর ইলন মাস্ক টুইটার কেনার আগে একবার আমার অ্যাকাউন্ট হ্যাকড হয়েছিল। অভিযোগ করার পর সঙ্গে সঙ্গেই অ্যাকাউন্টটি নিষ্ক্রিয় করেছিল টুইটার। প্রায় এক মাস পর অ্যাকাউন্টের নিয়ন্ত্রণ ফিরে পাওয়ার পর আমি দুই স্তরের নিরাপত্তা ব্যবস্থা চালু করি। কিন্তু আবার অ্যাকাউন্ট হ্যাকড হয়েছে এবং প্রতারকেরা টুইটার ব্যবহার করে বিভিন্ন বার্তা পোস্ট করছে। বিষয়টি টুইটারকে জানানোর পরও অ্যাকাউন্টটি সচল রয়েছে। এমনকি প্রতারকদের পোস্ট করা টুইট বার্তাগুলোও অন্যরা দেখতে পারছেন।’

ডেভিড ডেনের টুইটার পোস্ট দেখে এরই মধ্যে হ্যাকারদের প্রতারণার শিকার হওয়া এক নারীর খোঁজ পেয়েছে ম্যাশেবল। এই নারী ম্যাকবুক কেনার জন্য ১ হাজার ৫০০ ডলার পাঠানোর পর আর কোনো যোগাযোগ করছে না প্রতারকেরা। আরও অনেকেই এ ধরনের প্রতারণার শিকার হয়েছেন বলে ধারণা করা হচ্ছে।

জেস রবার্টসন ও ডেভিড ডেন ছাড়াও সম্প্রতি আরও বেশ কয়েকজন জনপ্রিয় ব্যক্তির টুইটার অ্যাকাউন্ট হ্যাকড হয়েছে। তাঁদের মধ্যে রয়েছেন যুক্তরাষ্ট্রের রাজনীতিবিদ বার্নি স্যান্ডার্সের সাবেক রাজনৈতিক উপদেষ্টা উইনি ওং। তাঁর অ্যাকাউন্ট থেকেও ম্যাকবুক বিক্রির একই রকম টুইট বার্তা পোস্ট করা হয়েছে।
সূত্র: ম্যাশেবল

[redacted]

[redacted]

[redacted]

[redacted]

[redacted]

[redacted]

[redacted]

আসছে স্যামসাং গ্যালাক্সি সিরিজের নতুন দুই ফোন

দক্ষিণ কোরিয়ার প্রযুক্তি কোম্পানি স্যামসাং ১৬ মার্চ ভারতে নতুন দুটি স্মার্টফোন মডেল উন্মুক্ত করার ঘোষণা দিয়েছে। গ্যালাক্সি সিরিজের এ৫৪ এবং এ৩৪ নামে দুটি মডেল ভারতের বাজারে উন্মুক্ত করা হচ্ছে। বাংলাদেশে কবে নাগাদ আসবে তা যদিও জানা যায়নি। ইতোমধ্যে এই দুটি মডেল নিয়ে বাজারে ব্যাপক আলোচনা চলছে। স্যামসাং তাদের গ্যালাক্সি সিরিজের মাধ্যমে বিভিন্ন সেগমেন্টের ক্রেতাদের চাহিদা পূরণ করেছে। মূলত এই দুটি মডেল মিড বাজেট সেগমেন্টের বলে ঘোষণা দেওয়া হয়েছে।

চলমান বৈশ্বিক সংকটে চিপের দাম বাড়ায় এমনিতেও মিড বাজেট সেগমেন্টে ভালো ফোন পাওয়া মুশকিল। সেখানে স্যামসাং প্রশংসনীয় উদ্যোগ নিয়েছে বলে গ্রাহকরা আগ্রহ দেখাতে শুরু করেছে।

ভারতের বাজারে উন্মুক্ত হচ্ছে বলে বাংলাদেশেও ফোন দুটির মডেল নিয়ে ব্যাপক আগ্রহ পরিলক্ষিত হচ্ছে। আপাতত ফোন দুটির টিজার উন্মুক্ত হয়েছে ও টিজার থেকেই যতটুকু জানা গেছে। তবে টিজারটিই আগ্রহের কেন্দ্রবিন্দু।

দুটো ফোনের বডিতেই গ্লাস ফিনিশ ব্যবহার করা হয়েছে। মিড বাজেটে সচরাচর প্লাস্টিক ফিনিস বেশি দেখা যায়। তবে এই ফোন সেদিক থেকে ব্যতিক্রম। এমনকি ফোনের ক্যামেরা প্রযুক্তিতেও বড় পরিবর্তন আনতে চলেছে তারা। টিজারে জানা গেছে, লো লাইটেও ক্যামেরা দিয়ে অসাধারণ কিছু ছবি তোলা সম্ভব হবে। ফোনটিতে সক্ষম প্রসেসর ব্যবহার করায় প্রসেসিং পাওয়ার ভালো থাকবে যা ছবি তোলার সক্ষমতাও বাড়াবে। মিডিয়াটেক ডিমেনসিটি ১০৮০ প্রসেসরটি এই ফোনটির প্রসেসিং এর প্রাণকেন্দ্র। এই চিপটি যে যথেষ্ট শক্তিশালী তা পূর্ববর্তী অনেক মডেল দেখেই আন্দাজ করা যাবে।

এছাড়া ভয়েস ও ভিডিওকলের জন্য উন্নতমানের নয়েজ ক্যান্সেলিং ফিচার সংযুক্ত করা হয়েছে। আর্থিক লেনদেন করার জন্য স্যামসাং ওয়ালেট সুবিধাটিও পাওয়া যাবে। শুধু তাই নয়। ফোনটি কেনার পর অপারেটিং সিস্টেম আপডেটের পাশাপাশি ইউজাররা চারটি গুরুত্বপূর্ণ আপডেটও পাবেন। এই সময় সফটওয়ার সেবার দিকেও স্যামসাং কমতি রাখেনি। পাঁচ

বছরের সিকিউরিটি আপডেটের নিশ্চয়তা ক্রেতাদের বাড়তি স্বস্তি যে দেবে তাতে সন্দেহ নেই।

এমনকি ভিডিও দেখার ক্ষেত্রেও স্যামসাং কমতি রাখেনি। বাজারের সেরা সুপার অ্যামোলেড ডিসপ্লে উৎপাদনের ক্ষেত্রে স্যামসাং-এর সুনাম অনেক আগে থেকেই রয়েছে। এই ফোনটিতে সুপার অ্যামোলেডের পাশাপাশি ১২০ হার্জ রিফ্রেশ রেটের ব্যবস্থাও আছে। সবমিলিয়ে স্যামসাং এর এই দুটি মডেল বড়সড় চমক আনতে চলেছে।

টুইটারের মতো ওয়েবসাইট তৈরি করছে মেটা

আলাদাভাবে লেখা আদান–প্রদানের সামাজিক যোগাযোগমাধ্যম অ্যাপ নিয়ে কাজ করছে ফেসবুকের মূল প্রতিষ্ঠান মেটা। ধারণা করা হচ্ছে, মেটার নতুন এই প্ল্যাটফর্ম হতে যাচ্ছে খুদে ব্লগ লেখার ওয়েবসাইট টুইটার ও মাসটোডনের প্রতিদ্বন্দ্বী।

কবে নাগাদ নতুন এই সামাজিক যোগাযোগমাধ্যমটি চালু হবে সে বিষয়ে বিস্তারিত জানা যায়নি। মেটার মুখপাত্র বলেছেন, ‘হালনাগাদ লেখা আদান–প্রদানের জন্য আমরা একটি স্বতন্ত্র সামাজিক যোগাযোগমাধ্যম চালুর জন্য কাজ করছি। আমরা বিশ্বাস করি পৃথক একটি প্ল্যাটফর্ম তৈরির সুযোগ রয়েছে, যেখানে নির্মাতা ও জনপ্রিয় ব্যক্তিরা তাঁদের আগ্রহ সম্পর্কিত বিষয়ের হালনাগাদ তথ্য লেখার মাধ্যমে সময়মতো প্রকাশ করতে পারবেন।’

তবে এর আগে গত বছরের ডিসেম্বরে ফেসবুকের লেখাভিত্তিক একটি সাইট চালুর গুঞ্জন শোনা গিয়েছিল। তখন এও প্রকাশ করা হয়, লেখাভিত্তিক নতুন এ সাইট মেটার আর এক প্রতিষ্ঠান ইনস্টাগ্রামের প্রযুক্তি ব্যবহার করবে। যদিও ইনস্টাগ্রাম ছবি আদান–প্রদানের সাইট ও নির্মিতব্য সাইটটি লেখাভিত্তিক হবে বলে শোনা যাচ্ছে।

নতুন এই সাইটের কাজ এখনো প্রাথমিক পর্যায়ে রয়েছে। সাম্প্রতিক বিবৃতিতে একে স্বতন্ত্র ওয়েবসাইট হিসেবে আত্মপ্রকাশের দাবি করা

হচ্ছে। বলা হচ্ছে, এটি একেবারেই ইনস্টাগ্রামের বৈশিষ্ট্য অনুসরণ করবে না। মেটার নতুন সাইটটি মাসটোডোনের মতো স্যোশাল নেটওয়ার্কিং প্রটোকল সমর্থন করবে। বলা হচ্ছে, টুইটারের নতুন প্রতিপক্ষ হতে যাচ্ছে মেটার নতুন এই উদ্যোগ।

সূত্র: ম্যাশেবল

ধ্রুপদী গানের অ্যাপ আনছে অ্যাপল

ধ্রুপদী সংগীতপ্রেমীদের জন্য সুখবর। অ্যাপল মিউজিক ক্ল্যাসিক্যাল নামের স্ট্রিমিং অ্যাপ চালু করছে অ্যাপল। অ্যাপটি কাজে লাগিয়ে বিশ্বজুড়ে বিভিন্ন ভাষার ধ্রুপদী গান শোনা যাবে। শুধু তা–ই নয়, চাইলে শুধু ধ্রুপদী সুরও শোনার সুযোগ মিলবে। সবকিছু ঠিক থাকলে ২৮ মার্চ অ্যাপটি চালু করা হবে বলে জানিয়েছে অ্যাপল।

অ্যাপল মিউজিক ক্ল্যাসিক্যাল স্ট্রিমিং অ্যাপটিতে কয়েক লাখ ধ্রুপদী গানের পাশাপাশি কয়েক হাজার গানের অ্যালবাম রয়েছে। গানের শিরোনাম বা অ্যালবামের পাশাপাশি সুরকারের নাম লিখেও নির্দিষ্ট গান খুঁজে পাওয়া যাবে অ্যাপটিতে। ফলে ব্যবহারকারীরা সহজেই নিজেদের পছন্দের ক্ল্যাসিক্যাল গান শোনার সুযোগ পাবেন। অ্যাপটিতে ডলবি প্রযুক্তি ব্যবহার করায় গানের শব্দও হবে নিখুঁত।

অ্যাপল মিউজিক ক্ল্যাসিক্যাল অ্যাপটি আইওএস ১৫.৪ থেকে পরবর্তী সংস্করণে চলা আইফোনে ব্যবহার করা যাবে। বিনা মূল্যেই ব্যবহার করা যাবে অ্যাপটি। তবে সবাই নয়, শুধু অ্যাপল মিউজিকে নিবন্ধিতরা এ সুযোগ পাবেন।

সূত্র: টেক ক্রান্চ

নারীকে সম্মান জানাতে গুগলের বিশেষ ডুডল

নারী শক্তিকে সম্মান ও অভিনন্দন জানাতে বিশ্বব্যাপী নানা আয়োজনের মধ্যদিয়ে পালন করা হচ্ছে আন্তর্জাতিক নারী দিবস। দিনটি উপলক্ষে বিশেষ এক ডুডল প্রকৃাশ করেছে টেক জায়ান্ট গুগল। ২০০৫ সাল থেকে এই দিনে নারীর প্রতি সম্মান জানতে ডুডল প্রকাশ করে আসছে প্রতিষ্ঠানটি।

এতে একজন নারী অন্য নারীকে বিভিন্নভাবে সহযোগিতা করে থাকেন এমনই একটি আবহ তুলে ধরার চেষ্টা করা হয়েছে। ডুডলটি তৈরি করেছেন ডুডল শিল্পী ‘অ্যালিসা উইনান্স’।

ডুডলের প্রতিটি ‘GOOGLE’ অক্ষরের ভিগনেটগুলো এমন করে সাজানো হয়েছে, যাতে দেখানো হয়েছে-বিশ্বজুড়ে নারীরা একে অপরের উন্নতি করতে এবং একে অপরের জীবনযাত্রার মান উন্নত করতে সাহায্য-সহযোগিতা করছেন।

ডুডলটিতে সেই সব নারীদের কথা বলা হয়েছে যারা মাতৃত্বের সময় একে অপরের জন্য গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করেন। এটিতে এমন নারীদের কথাও তুলে ধরা হয়েছে যারা তাদের অধিকার অন্বেষণ করতে, শিখতে এবং এগিয়ে যেতে একত্রিত হন। যারা জীবনের সব স্তরের মানুষের যত্ন নেন।

১৯০৮ সালে ৩ মে যুক্তরাষ্ট্রের শিকাগোতে সোশ্যাল ডেমোক্র্যাট নারী সংগঠনের উদ্যোগে সর্বপ্রথম আন্তর্জাতিক নারী সম্মেলন হয়। এরপর ১৯১০ সালে ডেনমার্কের কোপেনহেগেনে অনুষ্ঠিত হয় দ্বিতীয় আন্তর্জাতিক নারী সম্মেলন। ১৯১৪ সালে থেকে বেশ কয়েকটি দেশে ৮ মার্চ নারী দিবস হিসেবে উদযাপন শুরু করে। জাতিসংঘ ১৯৭৭ সালে এ দিনটিকে আন্তর্জাতিক নারী দিবস হিসেবে পালন করা আহ্বান জানানোর পর থেকে প্রতিবছরের ৮ মার্চ আন্তর্জাতিক নারী দিবস উদযাপিত হয়ে আসছে।

সূত্র: ইত্তেফাক

ফেসবুক রিলসে ভিডিওর সময় বাড়ছে

ছোট আকারের ভিডিও তৈরি ও বিনিময়ের সুযোগ থাকায় অল্প সময়ের মধ্যেই বিশ্বজুড়ে ব্যাপক জনপ্রিয়তা পেয়েছে টিকটক। ব্যবহারকারী ও জনপ্রিয়তা বাড়ার পাশাপাশি পাল্লা দিয়ে ভিডিও ধারণের সময় বাড়াচ্ছে তারা। আর তাই টিকটকের সঙ্গে প্রতিদ্বন্দ্বিতা করতে এবার নিজেদের ছোট ভিডিও তৈরির সুবিধা ‘রিলস’–এ ভিডিও ধারণের সময় বাড়ানোর ঘোষণা দিয়েছে ফেসবুক। নতুন এ সুবিধা কাজে লাগিয়ে ৬০ সেকেন্ডের পরিবর্তে ৯০ সেকেন্ড পর্যন্ত ভিডিও ধারণ করে ফেসবুকে পোস্ট করা যাবে। পর্যায়ক্রমে সব ব্যবহারকারী এ সুবিধা পাবেন।

রিলসের নতুন এ সুবিধা কাজে লাগিয়ে কনটেন্ট নির্মাতারাও ফেসবুক রিলসের জন্য আকারে বড় ভিডিও তৈরি করে পোস্ট করতে পারবেন। ফলে ফেসবুক ব্যবহারকারীরাও আগের তুলনায় বেশি বিনোদনমূলক কনটেন্ট খুঁজে পাবেন।

ফেসবুক রিলসে আকারে বড় ভিডিও তৈরির পাশাপাশি ট্রেন্ডিং টেমপ্লেটস এবং গ্রুভস নামের সুবিধাও যুক্ত হচ্ছে। ট্রেন্ডিং টেমপ্লেটস সুবিধা কাজে লাগিয়ে রিলস ভিডিওতে বিভিন্ন টেমপ্লেটস ব্যবহার করা যাবে। অপর দিকে গ্রুভস সুবিধার মাধ্যমে গান বা সংগীতের তালে তালে ভিডিও তৈরি করা যাবে।

মেটার এক গবেষণায় দেখা গেছে, বর্তমানে ফেসবুক ব্যবহারের অর্ধেক সময়ই ভিডিও দেখেন ব্যবহারকারীরা। আইওএস, অ্যান্ড্রয়েড ও ডেস্কটপ সংস্করণে রিলস ভিডিও দেখার সুযোগ থাকায় নতুন এসব সুবিধা ব্যবহারকারীর কাছে দ্রুত জনপ্রিয়তা পাবে বলে ধারণা করা হচ্ছে।

সূত্র: টাইমস অব ইন্ডিয়া

[redacted]

[redacted]

[redacted]

[redacted]

[redacted]

[redacted]

[redacted]

[redacted]

[redacted]

[redacted]